ডাইরী নং- ৬৭৪২
তারিখ: ২৬।০৭।২৪
মহাপরিদর্শকের দপ্তর
কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
সংস্থাপন-১ শাখা
(www.mole.gov.bd)

মহাপরিদর্শকের দপ্তর
কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

| অতিরিক্ত মাহপরিদর্শক | | ☐ উপস্থাপন করুন |
|---|---|---|
| যুগ্মমহাপরিদর্শক | প্রশাসন | ☐ পরীক্ষা করুন |
| | সেফটি | ☐ ব্যবস্থা নিন |
| | সাধারণ | ☐ আলোচনা করুন |
| | স্বাস্থ্য | ☐ নথিজাত করুন |
| | অর্থ ও পরি: | ☐ |
| স্টাফ অফিসার | | |

স্মারক নং ৪০.০০.০০০০.০২০.৪৭.০০৩.২৪-২১৫

তারিখ: ২৫ আষাঢ়, ১৪৩১ বঙ্গাব্দ
০৯ জুলাই ২০২৪ খ্রিস্টাব্দ

বিষয়: **কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের অধীন জাতীয় পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা বিষয়ক গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট এর জন্য রাজস্বখাতে অস্থায়ীভাবে নবসৃজিত ১৩টি পদ সংরক্ষণ প্রসঙ্গে।**

কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের পত্র নং- ৪০.০১.০০০০.১০১.১৫.০০১.২২-৩৬১, তারিখ: ১২-০৫-২০২৪

উপর্যুক্ত বিষয় ও সুত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের আওতাধীন কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর ১৯৭০ সালে ০১ জুলাই ২০৪ জন জনবল নিয়ে তৎকালীন পরিদপ্তর নামে সৃষ্টি হয়। অতঃপর ১৯৯২-৯৩ অর্থবছরে কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন পরিদপ্তর শক্তিশালীকরণ প্রকল্প হতে ২২টি পদ রাজস্বখাতে স্থানান্তর করা হয়। অবশেষে ২০০৭ সালে ৫৯টি ও ২০১১ সালে ২৯টি পদ রাজস্বখাতে সৃজিত হলে পরিদপ্তরকালীন মোট পদসংখ্যা দাঁড়ায় ৩১৪টি। পরবর্তীতে ২০১৪ সালে ৬৭৯ টি পদ রাজস্বখাতে সৃজনে সরকারি আদেশ জারি ও পরিদপ্তরকে অধিদপ্তরে উন্নতি করা হয়। উক্ত ৬৭৯ পদের মধ্যে ১৪৫টি পদ আউটসোর্সিং এর শর্তে সৃজিত হয় যার মধ্য হতে ১০৫টি অফিস সহায়ক পদের পরিবর্তে ৭৬টি পদ রাজস্বখাতে সৃজিত হলে ৬৭৯ স্মারকের পদ হতে রাজস্বভুক্ত পদ থাকে ৬৭৯-১৪৫+৭৬=৬১০টি এবং মোট মোট পদ দাঁড়ায় ৩১৪+৬১০=৯২৪। ২০২১ সালে ৩৪৫টি পদ অস্থায়ীভাবে সৃজনে জনপ্রশাসন মন্ত্রণালয়ের সম্মতির পরিপ্রেক্ষিতে অর্থ বিভাগ দুটি স্মারকে ১৬২ ও ৩০ মোট ১৯২টি পদ সৃজনে সম্মতি জ্ঞাপন করে। যা মন্ত্রিপরিষদ বিভাগের সুপারিশের প্রেক্ষিতে প্রশাসনিক মন্ত্রণালয় পদসমূহ অস্থায়ীভাবে সৃজনে সরকারি আদেশ জারি করে। এছাড়া, জাতীয় পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা বিষয়ক গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট এর জন্য ১৪৫টি পদ সৃজনের প্রস্তাবের পরিপ্রেক্ষিতে ১৩টি পদ সৃজনে জনপ্রশাসন মন্ত্রণালয় ১৮-০৪-২০২৩ তারিখে ০৫.০০.০০০০.১৫৩.১৫.০১৯২২-৬৫ নং স্মারকে অর্থ বিভাগ ২৪-০৫-২০২৩ তারিখে ০৭.০০.০০০০.১৫৭.১৫.০২২.২৩-৮১ নং স্মারকে সম্মতি জ্ঞাপন ও ২১-১২-২০২৩ তারিখে ০৪.০০.০০০০.৭১১.০৬.০২৫.২৩-৩০২ নং স্মারকে প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটি সুপারিশ প্রদান করে। প্রশাসনিক মন্ত্রণালয় কর্তৃক ১১-০১-২০২৪ তারিখে ৪০.০০.০০০০.০২০.৪৭.০০১.২২-০৫ নং স্মারকে জিও জারির পরিপ্রেক্ষিতে ০৫-০২-২০২৪ তারিখে ০৭.০০.০০০০.১৫৭.১৫.০০৫.২৪-৩৫ নং স্মারকে অর্থ বিভাগ কর্তৃক উক্ত ১৩ পদের পৃষ্ঠাঙ্কন করা হয়। ফলে অধিদপ্তরের মোট জনবল দাঁড়ায় ৯২৪+১৯২+১৩=১১২৯।

০২। উল্লিখিত পুরাতন পদসমূহ বছর বছর হালনাগাদ সংরক্ষণ করা হয়। সংরক্ষণের পর বিধিমোতাবেক ব্যবস্থা গ্রহণ শেষে ইতোমধ্যে [২০৪টি+২১টি+০১টি+ ৪৭২টি]= ৬৯৮টি পদ স্থায়ীকরণ করা হয়েছে এবং পুরাতন ১৫০টি পদ ১ বছর ও নবসৃজিত ২৬৮টি পদ তিন বছরের জন্য সংরক্ষণ করা হয়েছে। জাতীয় পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা বিষয়ক গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট এর জন্য নবসৃজিত ১৩টি পদ মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নং মপবি/করিশা/কপগ-১১/২০০১-১১১ তারিখ: ০৩-০৫-২০০৩ মোতাবেক সংরক্ষণের নিয়ম অনুযায়ী প্রশাসনিক মন্ত্রণালয় কর্তৃক ৩বছরের জন্য সংরক্ষণ করা প্রয়োজন।

০৩। এমতাবস্থায়, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের অধীন জাতীয় পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা বিষয়ক গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট এর বিভিন্ন ক্যাটাগরির নিম্নোক্ত ১৩টি পদ প্রশাসনিক মন্ত্রণালয় কর্তৃক নির্দেশক্রমে ০১-০৬-২০২৪ হতে ৩১-০৫-২০২৭ তারিখ পর্যন্ত সংরক্ষণ করা হলো।

| ক্র.নং | পদের নাম | পদসংখ্যা |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| ১ | যুগ্ম মহাপরিদর্শক | ১ |
| ২ | উপমহাপরিদর্শক | ৪ |
| ৩ | সহকারী মহাপরিদর্শক (সাধারণ) | ১ |
| ৪ | সহকারী মহাপরিদর্শক (সেফটি) | ২ |
| ৫ | সহকারী মহাপরিদর্শক (স্বাস্থ্য) | ১ |
| ৬ | শ্রম পরিদর্শক (সাধারণ) | ১ |
| ৭ | শ্রম পরিদর্শক (সেফটি) | ২ |
| ৮ | শ্রম পরিদর্শক (স্বাস্থ্য) | ১ |
| | **মোট পদসংখ্যা=** | **১৩** |

((মুহাম্মদ আশরাফ হোসেন)
উপসচিব
ফোন: +৮৮০২২২৩৩৫৭১৪০
section10@mole.gov.bd

D:\সংস্থাপন-১\পদ সৃজন সংক্রান্ত\Noshtry-১৪৫টি\Letter.docx

স্মারক নং ৪০.০০.০০০০.০২০.৪৭.০০৩.২৪-২১৫/১৬

তারিখ: ২৫ আষাঢ়, ১৪৩১ বঙ্গাব্দ
০৯ জুলাই ২০২৪ খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। মহাপরিদর্শক (অতিরিক্ত সচিব), কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, প্রধান কার্যালয়, বিজয়নগর, ঢাকা।
৫। অতিরিক্ত সচিব, ব্যয় ব্যবস্থাপনা অনুবিভাগ, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, বিভাগীয় হিসাব নিয়ন্ত্রকের কার্যালয়, রাজশাহী।
৭। জেলা প্রশাসক, রাজশাহী।
৮। উপসচিব (বাজেট), শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০। সচিব মহোদয়ের একান্ত সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১১। সিস্টেম এনালিস্ট, আইসিটিসেল, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২। জেলা একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, রাজশাহী।
১৩। হিসাবরক্ষণ কর্মকর্তা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১৪। অতিরিক্ত সচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় (অতি: সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১৫। যুগ্মসচিব (সংস্থাপন) এর ব্যক্তিগত কর্মকর্তা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় (যুগ্মসচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১৬। অফিস কপি/গার্ড ফাইল।

০৯/০৭/২০২৪

((মুহাম্মদ আশরাফ হোসেন)
উপসচিব

D:\সংস্থাপন-১\পদ সৃজন সংক্রান্ত\Noshtry-১৪৫টি\Letter.docx